76

দৈনিক ইত্তেফাক

তারিখ FEB. 20 1999
পৃষ্ঠা ২৫ কলাম 2

# 'নিরক্ষরমুক্ত' ইউনিয়ন নেত্রকোনার লক্ষ্মীগঞ্জ

নেত্রকোনা সংবাদদাতা ॥ আজ ২০শে ফেব্রুয়ারী শনিবার নেত্রকোনা সদর থানার লক্ষ্মীগঞ্জ ইউনিয়নকে 'নিরক্ষরমুক্ত' ইউনিয়ন ঘোষণা করা হইবে। এই উপলক্ষে উক্ত ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে এক সুধী সমাবেশের আয়োজন করা হইয়াছে।

লক্ষ্মীগঞ্জ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং উজ্জীবিত নেত্রকোনার ইউনিয়ন সভাপতি ডাঃ আব্দুল খালেক আকন্দ জানান যে, ১৫,০০০ লোক অধ্যুষিত এই ইউনিয়নে নিরক্ষর পুরুষ ও মহিলার সংখ্যা ছিল ৬৫০০। সার্বিক সাক্ষরতা আন্দোলনের আওতায় ১৭৩টি কেন্দ্রের মাধ্যমে নিরক্ষর ৬৫০০ পুরুষ, মহিলা ও শিশুদের শিক্ষা প্রদান করা হয়। সমাবেশে জেলা প্রশাসকসহ জেলা পর্যায়ের কর্মকর্তা এবং সাংবাদিকগণ উপস্থিত থাকিবেন।